



LEGENDS OF RUPGANJ

২৯ নভেম্বর, ২০১৪

সভাপতি
বাংলাদেশ ক্রিকেট বোর্ড
ঢাকা।

বিষয়ঃ পরিকল্পিতভাবে ষড়যন্ত্রের শিকার লিজেডস অব রুপগঞ্জ।

জনাব,


প্রথমেই আপনাকে অশেষ ধন্যবাদ এবং কৃতজ্ঞতা। প্রিমিয়ার ডিভিশন ক্রিকেটে আমার ক্লাবের নতুন নামকরণে (লিজেডস অব রুপগঞ্জ) আপনার প্রত্যক্ষ পদক্ষেপ ও সময়োপযোগী সিদ্ধান্ত গ্রহণের জন্য আমরা আপনার প্রতি কৃতজ্ঞ।

তবে বর্তমানে প্রিমিয়ার ডিভিশন ক্রিকেট লীগে বিসিবি'র বিভিন্ন মহল থেকে আমার দল ক্রমশঃ অসহযোগীতা এবং নানাবিধ সংকটের শিকার হচ্ছে। পরিকল্পিতভাবে কৃত্রিম উপায়ে এই সমস্যাগুলো তৈরি করে চলতি লীগে আমার চ্যাম্পিয়ন দলকে প্রায় প্রতি ম্যাচে বিপদে ফেলার অপচেষ্টা চালানো হচ্ছে।

সেই বিষয়গুলো আমি আপনার নজরে আনার জন্যই এই চিঠি লিখেছি।

- সাধারণত আমরা জানি যে ঢাকা ক্রিকেটে লীগে চ্যাম্পিয়ন দল মূল ক্রিকেট ভেন্যুতে ম্যাচ খেলার সুযোগ পেয়ে থাকে। প্রিমিয়ার ডিভিশন ক্রিকেট লীগের বর্তমান চ্যাম্পিয়ন দল হিসেবে আমরাও সেই সুযোগের ন্যায্য দাবিদার। কিন্তু আমরা আশ্চর্যের সঙ্গে লক্ষ্য করলাম যে প্রিমিয়ার ডিভিশন ক্রিকেট লীগের সর্বশেষ ৭ম, ৮ম এবং ৯ম রাউন্ডে লিজেডস অব রুপগঞ্জের কোন ম্যাচই মূল ক্রিকেট ভেন্যু (মিরপুর শেরে বাংলা ক্রিকেট স্টেডিয়াম) তে রাখা হয়নি। অথচ গত লীগে পয়েন্ট তালিকার নিচের সারিতে থাকা দলগুলোকে এই রাউন্ডে মূল ভেন্যুতে খেলার সুযোগ দেয়া হচ্ছে! আমরা এই অন্যায়ের প্রতিবাদ জানাচ্ছি। লীগের ৮ম রাউন্ডে প্রাইম ব্যাংক ক্রিকেট ক্লাবের বিরুদ্ধে আমাদের ম্যাচটি আমরা মিরপুর শেরে বাংলা ক্রিকেট স্টেডিয়ামে আয়োজনের জন্য আপনার কাছে অনুরোধ জানাচ্ছি।
- প্রিমিয়ার ডিভিশন ক্রিকেট লীগের আম্পায়ারিংয়ের মান নিয়ে আমরা নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে আগেই অসন্তোষ জানিয়েছিলাম। এই আম্পায়ারদের অন্তত: যাতে আমাদের ম্যাচে দায়িত্ব পালন করতে না দেয়া হয়- সেটাও জানিয়েছিলাম। কিন্তু আমরা ম্যাচের দিন অবাধ হয়ে দেখলাম যে সকল আম্পায়ারদের বিপক্ষে আমরা অভিযোগ জানিয়েছিলাম, নির্দিষ্ট করে তাদেরকেই আমাদের ম্যাচ পরিচালনার দায়িত্ব দেয়া হয়েছে! এসব আম্পায়ারদের একচোখা সিদ্ধান্তে ম্যাচে আমার দল অন্যায়ের শিকার হচ্ছে।





LEGENDS OF RUPGANJ

- ৩) আবাহনীর বিপক্ষে আমাদের ফতুল্লা ষ্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে আবাহনীর সমর্থকরা ন্যাকারজনক আচরণ করেছে। আমাদের ড্রেসিংরুমের সামনের জায়গা দখল করে সেখানেই বসেই আবাহনীর সমর্থকরা অশ্রাব্য ভাষায় গালিগালাজ করেছে। আমাদের সমর্থকদের জোর করে তাড়িয়ে দেয়া হয়। ভয়-ভীতি প্রদর্শন করা হয়। এতে করে আমার খেলোয়াড়দের মাঠের খেলায় মনোযোগ দেয়াটা কঠিন হয়ে পড়ে। চ্যাম্পিয়ন দল হিসেবে আমরা কোন ভেন্যুতে এখন পর্যন্ত ক্লাবের শীর্ষ কর্মকর্তাদের বসার জন্য নির্দিষ্ট 'বক্স আসন' গুলো পাইনি। ভেন্যু ম্যানেজারের কাছে এই বিষয়ে জানতে চাওয়া হলে উত্তর মিলেছে-লিজেন্ডস অব রুপগঞ্জের কারো বক্স আসনে বসার অনুমতি নেই!
- ৪) দলের খেলোয়াড়দের খেলা ভিডিওতে বিশ্লেষণ করার জন্য আমরা আমাদের সবগুলো ম্যাচই ভিডিও রেকর্ডিং করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিয়েছিলাম। আমাদের সবগুলো ম্যাচ ভিডিও করার অনুমতি চেয়ে বিসিবির যথাযথ কর্তৃপক্ষের কাছে চিঠিও লিখেছিলাম। কিন্তু এখানেও আমাদের বঞ্চিত করা হয়েছে। ম্যাচের দিন আমাদের ভিডিও ক্যামেরা কেড়ে নেয়া হয়েছে। আমাদের কোন ম্যাচ ভিডিও করতে দেয়া হয়নি। আমরা এর প্রতিকার চাই।
- ৫) আমরা বিসিবির কাছ থেকে বাড়তি কোন সুবিধা দাবি করছি না। ন্যায্য যে দাবি সেটাই শুধু বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানাচ্ছি। আমাদের দেশে অনেক ভাল আম্পায়ার আছে। আমরা লীগের গুরুত্বপূর্ণ ম্যাচগুলো সেই দক্ষ এবং আন্তর্জাতিক অঙ্গনে সুপরিচিত আম্পায়ারদের দ্বারা পরিচালনার দাবি তুলছি।
- ৬) জিম্বাবুয়ের বিপক্ষে ওয়ানডে সিরিজে জাতীয় দলে একই দিন সুযোগ পেলেন আবুল হাসান রাজু ও তাইজুল ইসলাম। আবুল হাসান রাজুকে জাতীয় দলের ক্যাম্পে নিয়ে যাওয়া হল, ফলে পরের দিনে লীগে আমার ম্যাচে আমরা তাকে পেলাম না। কিন্তু জাতীয় দলে থেকেও তাইজুল ইসলাম ঠিকই পরদিন প্রিমিয়ার ডিভিশন ক্রিকেট লীগের ম্যাচে খেললেন! একই দেশে দুই নিয়ম কেন?

দীর্ঘসময় ধরে আমাদের বক্তব্য শোনার জন্য আপনাকে ধন্যবাদ। উপরে উল্লিখিত এই সমস্যাগুলো দ্রুত সমাধানের জন্য আপনি তড়িৎ সিদ্ধান্ত গ্রহণ করবেন-সেই অপেক্ষায় আছি আমরা।

আপনাকে আরেকবার ধন্যবাদ।

মোহাম্মদ লুৎফর রহমান (বাদল)
চেয়ারম্যান,
লিজেন্ডস অব রুপগঞ্জ।

✓ অনুলিপিঃ চেয়ারম্যান, সিসিডিএম।

Office of the CCDM
Bangladesh Cricket Board, Dhaka.
Received
Diary No. 109

Time: 3:00 PM
Date: 30 NOV 2014
Signature: [Signature]

